দৈনিক
আমাদের সময়

22 MAY 2017

# ত্রিশালে শিক্ষার্থীদের চুল কেটে দেওয়ায় শিক্ষককে অব্যাহতি

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ●

ময়মনসিংহের ত্রিশাল উপজেলায় স্কুল কমিটির নির্বাচন ঘিরে এক শিক্ষক তার শিক্ষার্থীদের চুল কেটে দিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। রোববার সকালে উপজেলার হরিরামপুর ইউনিয়নের সাথিয়াকান্দা এলাকায় আর. জি উচ্চ বিদ্যালয়ে প্রথম ক্লাস চলার সময় এ ঘটনা ঘটে। অভিযুক্ত শিক্ষকের নাম হাবিবুর রহমান। তিনি স্কুলে বিজ্ঞান পড়ান। স্কুল পরিচালনা কমিটির সভাপতি নুরুল আমিন কালাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, অভিযুক্ত শিক্ষককে ডেকে বলেছেন, এরকম শিক্ষকের এই স্কুলে আর দরকার নেই। তাকে অব্যাহতির ব্যাপারে তাৎক্ষণিকভাবে জানিয়ে দেওয়া হয়েছে। সংশ্লিষ্টরা জানান, চুল কাটার জের ধরে বিদ্যালয় প্রাঙ্গণে ধাওয়া পাল্টা-ধাওয়ার ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে ত্রিশাল থানার পুলিশ ঘটনাস্থলে যায়। আজ সোমবার ওই স্কুল পরিচালনা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এতে প্রার্থী হয়েছেন বর্তমান সভাপতি নুরুল আমিন কালাম এবং মাহবুবুল আলম। নুরুল আমিন কালাম শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকের ভোট চান গত শনিবার। এতে শিক্ষার্থীরা রাজি হয়নি। এ নিয়ে বর্তমান সভাপতি ক্ষিপ্ত হন। সভাপতির অনুগত বলে পরিচিত স্কুলের বিজ্ঞানের শিক্ষক হাবিবুর রহমান রোববার সকালে প্রথম ঘণ্টায় ওই শিক্ষার্থীদের মাথায় কাঁচি দিয়ে নিজেই এলোমেলো করে চুল কেটে দেন। খবর পেয়ে অভিভাবকরা স্কুলে আসেন প্রতিবাদ জানাতে।